# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (৮) সালাতের শর্তসমূহ

8 ـ بَابُ شُرُوطِ الصَّلَاةِ

আরবী

1695 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ أَبِي مَالِكٍ الْأَشْجَعِيِّ عَنْ رِبْعِيٍّ عَنْ حُذَيْفَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فُضِّلْنَا عَلَى النَّاسِ بِثَلَاثٍ: جُعلت الْأَرْضُ كُلُّهَا مَسْجِدًا وجُعل تُرْبَتُهَا لَنَا طَهُورًا وجُعلت صُفُوفُنَا كَصُفُوف الْمَلَائِكَةِ وأُوتيت هَؤُلَاءِ الْآيَاتِ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ مِنْ كَنْزٍ تَحْتَ الْعَرْشِ لَمْ يُعطه أَحَدٌ قَبْلِي وَلَا يُعْطَى أَحَدٌ بَعْدِي)

الراوي : حُذَيْفَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1695 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (1/ 316)، ((الصحيحة)) (1482).

বাংলা

১৬৯৫. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তিনটি জিনিস দ্বারা আমাদেরকে শ্রেষ্ঠত্ব দেওয়া হয়েছে। পুরো জমিন আমাদের জন্য সালাত আদায় করার জায়গা করে দেওয়া হয়েছে। এর মাটি আমাদের জন্য পবিত্র করে দেওয়া হয়েছে। আমাদের কাতারগুলোকে ফেরেস্তাদের কাতারের মতো করা হয়েছে।, আরশের নিচের ধনভান্ডারের অন্তর্ভুক্ত সূরা বাকারার শেষ আয়াতগুলো আমাকে প্রদান করা হয়েছে। এসব আমার পূর্বে কাউকে দেওয়া হয়নি এবং আমার পরেও কাউকে দেওয়া হবে না।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৪১৮; নাসাই, ফাযাইলুল কুরআন: ৩/৪৭; আবূ আওয়ানা: ১/৩০৩; সুনান বাইহাকী:১/২১৩; মুসনাদ আহমাদ: ৫/৩৮৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২৬৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১১/৪৩৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৪৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90910

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন